

সোমপ্রদীপে

বাগিচায় টবগুলো রঞ্জের বাহারে ফুলময়
বিশেষ করে ইম্প্রেশন ও পিটুনিয়ায়
চেয়ে দেখে প্রাণে ধাঁরি
সুভাসিত, সুরভিত, স্নিগ্ধ মাধুরী !

ফেব্রুয়ারির রোদ্দুরে উপভোগ্য আলো আছে
নেই কোনো কঠোর উত্তাপ
হিমেল বাতাস যেন আদর করে ব'হে যায়-
প্রিয়জন সমাগমে প্রতিক্ষণে স্বপ্নালু সংলাপ !

শান্তিনিকেতনে এই সময় সেই ভিড়টা আর নেই
খোলা মাঠে প্রকৃতির স্বাণ সদা সর্বত্র পাই,
এখানে বাতাসে এখন অক্সিজেন্ এতো এতো
মন তাই মাতোয়ারা, প্রাণ প্রাণবন্ত বন্যার মতো !

ওদিকে গাঁদার বাহার
থোকায় থোকায় ফোটা
সোমপ্রদীপে দিব্যি আছি
থাকুক দূরে কোলকাতা !